

স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার

বাংলা বিভাগ

ইউজি ২.১ (ওল্ড)

বিষয় : বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। (ক) চর্যাগীতি কবে ও কার সম্পাদনায় প্রথম গ্রন্থাকারে মুদ্রিত হয়? চর্যার যে কোনো দুজন পদকর্তার নাম লেখো। চর্যায় প্রতিফলিত তৎকালীন বাংলার জীবন-সংস্কৃতির পরিচয় দাও। ১+১+৮  
অথবা  
(খ) উত্তরবঙ্গ ও পূর্ববঙ্গের দুই জন করে মনসামঙ্গলের কবির নাম লেখো। বাংলা মঙ্গলকাব্যের লক্ষণগুলি সংক্ষেপে আলোচনা করো। ২+৮
- ২। (ক) বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের পুঁথিটি কত খ্রিস্টাব্দে কে উদ্ধার করেন? ক্রমানুসারে এই কাব্যের খণ্ডগুলির নাম লেখো। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের ঐতিহাসিক গুরুত্ব বিচার করো। ১+৩+৬  
অথবা  
(খ) বাল্মীকির রামায়ণ থেকে কৃত্তিবাসী রামায়ণ কোন কোন দিক থেকে স্বতন্ত্র বলে তুমি মনে কর? যুক্তিসহ আলোচনা করো। ১০
- ৩। (ক) বাংলা বৈষ্ণব পদসংকলনের ধারা ও প্রবণতার সূত্রগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০  
অথবা  
(খ) ‘মৈমনসিংহ-গীতিকা’-র অন্তর্গত যে কোনো একটি পালার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তার সামাজিক গুরুত্ব নির্দেশ করো। ৫+৫
- ৪। (ক) কবির নামসহ মধ্যযুগে বাংলায় দুটি প্রণয়োপাখ্যানের নাম করো। এর মধ্যে যে কোনো একটি আখ্যানের সংক্ষিপ্ত পরিচয় দাও এবং এটিকে সুফি সাহিত্য হিসেবে বিবেচিত করার কারণ নির্দেশ করো। ২+৫+৩  
অথবা  
(খ) টীকা লেখো (যে কোনো দুটি) : ৫×২ = ১০  
১. মর্সিয়া  
২. জঙ্গনামা  
৩. নবীবংশ

